২৩ আগস্ট, ২০২৫

# মাইলস্টোন ট্র্যাজেডি: দগ্ধ শিক্ষার্থী তাসনিয়ার মৃত্যু, নিহত বেড়ে ৩৬



সংগৃহীত ছবি

রাজধানীর দিয়াবাড়িতে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্তের ঘটনায় দগ্ধ শিক্ষার্থী তাসনিয়া (১৫) এক মাস চিকিৎসাধীন থাকার পর মারা গেছে। এর ফলে ওই ঘটনায় মোট নিহতের সংখ্যা বেড়ে দাঁড়াল ৩৬ জনে। তাসনিয়া মাইলস্টোন স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী ছিলেন।

রাজধানীর দিয়াবাড়িতে মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্তের ঘটনায় দগ্ধ হয়ে চিকিৎসাধীন শিক্ষার্থী তাসনিয়া (১৫) মারা গেছেন। শনিবার (২৩ আগস্ট) সকাল ৭টা ৫৫ মিনিটে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। এ নিয়ে ঘটনায় নিহতের সংখ্যা দাঁড়াল ৩৬ জনে।

জাতীয় বার্ন ইনস্টিটিউটের আবাসিক সার্জন (ভারপ্রাপ্ত) ডা. সুলতান মাহমুদ সিকদার জানান, বিস্ফোরণে তাসনিয়ার শরীরের ৩৫ শতাংশ দগ্ধ হয়েছিল। দীর্ঘ এক মাস ধরে আইসিইউতে চিকিৎসাধীন থাকার পর তার মৃত্যু হয়।

তাসনিয়ার বাবা মো. নাজমুল হোসেন জানান, তিনি মাইলস্টোন স্কুলের অষ্টম শ্রেণিতে পড়ত। বার্ন ইনস্টিটিউটে এ পর্যন্ত মোট ২০ জনের মৃত্যু হয়েছে, আর সুস্থ হয়ে ছাড়পত্র পেয়েছেন ১৪ জন।

LENS ASIA

উল্লেখ্য, গত ২১ জুলাই দুপুরে উত্তরা দিয়াবাড়ির মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসের হায়দার আলী ভবনে বাংলাদেশ বিমানবাহিনীর এফ-৭ বিজিআই মডেলের একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হয়। দুর্ঘটনায় পাইলট ফ্লাইট লেফটেন্যান্ট মো. তৌকির ইসলামসহ অনেকে প্রাণ হারান। এখনো দগ্ধ কয়েকজন চিকিৎসাধীন রয়েছেন।